

জমিয়াতুল মোদারেছীন মাদ্রাসা শিক্ষক ও কর্মচারীদের কল্যাণে নিবেদিত মাওলানা মন্নান

যশোর ব্যুরো : দৈনিক ইনকিলাবের ম্যানেজিং ডিরেক্টর, বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের সভাপতি ও সাবেক ধর্মমন্ত্রী আলহাজ্জ মাওলানা এম. এ. মন্নান বলেছেন, পবিত্র কোরআনের বাণী ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। সকল সমস্যার সামাধান রয়েছে কোরআনে। প্রতিটি মুসলমান পরিবারে কোরআন আমল করতে হবে। পরিপূর্ণ জীবন বিধান হিসেবে কোরআনের কোন বিকল্প নেই। ইহলোক ও পরলোকে মুক্তির পথ অত্যন্ত স্পষ্টভাবে দেখানো আছে কোরআনে। তিনি বলেন, জমিয়াতুল মোদারেছীন একমাত্র সংগঠন, যা মাদ্রাসা শিক্ষক ও কর্মচারীদের কল্যাণে নিবেদিত। তাই এই সংগঠনটিকে আরো শক্তিশালী করতে হবে। এটি কোন রাজনৈতিক সংগঠন নয়। জমিয়াতুল মোদারেছীনই মাদ্রাসা শিক্ষকদের বেতন বৃদ্ধিসহ সকল সুযোগ-সুবিধা আদায় করে দিয়েছে সরকারের কাছ থেকে। সংগঠনটি

মাদ্রাসা শিক্ষকদের জন্য 'ঢাল' হিসেবে কাজ করেছে। গত শনিবার রাতে যশোর কারবালা মসজিদ প্রাঙ্গণে প্রবল বর্ষণ উপেক্ষা করে যশোর, নড়াইল, খিনাইদহ ও মাগুরাসহ দূর-দূরান্ত থেকে আগত হাজার হাজার মাদ্রাসা শিক্ষকদের আঞ্চলিক সম্মেলন এবং আহসানিয়া ইসলামী বুনিয়াদী শিক্ষা কেন্দ্র ও জমিয়াতুল মোদারেছীনের যৌথ উদ্যোগে আয়োজিত ২৮ দিনব্যাপী মুয়াজ্জিম প্রশিক্ষণ, বয়স্কদের কোরআন শিক্ষা ও তাফসির মাহফিলের সমাপনি অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। একটানা প্রায় আড়াই ঘণ্টার বক্তৃতায় তিনি দেশের রাজনীতি, সমাজনীতি, কোরআনের তরজমা, ব্যাখ্যা, মাদ্রাসা শিক্ষকদের বর্তমান অবস্থায় আনার ক্ষেত্রে জমিয়াতুলের ভূমিকা, বর্তমান অবস্থায় মাদ্রাসা শিক্ষকদের করণীয় সম্পর্কে বিশদ ৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

মাওলানা মন্নান ৮-এর পৃষ্ঠার পর

আলোচনা করেন। ঢাকাস্থ নারিন্দার মুঙ্গুরী খোলার শাহ সাহেব আলহাজ্জ আহসানুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব আলহাজ্জ মাওলানা আব্দুল লতিফ, দৈনিক ইনকিলাবের নির্বাহী সম্পাদক কবি মাওলানা রুহুল আমিন, জেলা প্রশাসক এ কে এম জাফরউল্লাহ খান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ-১ শামসুল হক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ শামীম আফজাল, জমিয়াতুলের আঞ্চলিক নেতা ও আমিনিয়া মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা মুহাম্মদ নুরুল ইসলাম, মাওলানা আব্দুল মজিদ প্রমুখ।

অনুষ্ঠান শেষে আয়োজকদের পক্ষ থেকে উপস্থিত মাদ্রাসা শিক্ষক, কর্মচারী ও আমন্ত্রিত অতিথিদের মধ্যে ভবাবক বিতরণ করা হয়। যশোরে স্মরণকালের এই বড় আয়োজনের সার্বিক দায়িত্ব পালন করেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ শামীম আফজাল ও জমিয়াতুলের আঞ্চলিক নেতা মাওলানা মুহাম্মদ নুরুল ইসলাম। এ ধরনের অনুষ্ঠান দেশের বিভিন্ন স্থানে পর্যায়ক্রমে করার অঙ্গীকার ব্যক্ত করা হয়। একই সাথে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পাঠ্যক্রমের পাশাপাশি কোরআন ও ইসলামী বুনিয়াদী শিক্ষা প্রসারে যাবতীয় পদক্ষেপের কথা পুনর্ব্যক্ত করা হয়।